নগরীর ৯টি পয়েন্টে আওয়ামীলীগের শান্তি সমাবেশ

ডেস্ক রিপোর্ট: দেশব্যাপী বিএনপি-জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সিলেট নগরীর ২৭টি ওয়ার্ডের ৯টি পয়েন্টে শান্তি সমাবেশ করেছে সিলেট মহানগর আওয়ামীলীগ। এসব সমাবেশে আওয়ামীলীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন।

শনিবার বিকেল ৩টায় ১০, ১১ ও ১২নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে নগরীর বাঘবাড়ি পয়েন্টে এই শান্তি সমাবেশের আয়োজন করা হয়।

১১নং ওয়ার্ড আওয়ামীলীগের সালাউদ্দিন বক্স সালাই এর সভাপতিত্বে ও ১০নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শেখ মো: সুরুজ আলী এবং ১১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: বদরুল ইসলাম বদরুর যৌথ পরিচালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যাপক জাকির হোসেন, সহ-সভাপতি দেওয়ান গাজী জাফর সাদেক (কয়েছ গাজী), বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আজহার উদ্দিন জাহাঙ্গীর, শ্রম বিষয়ক সম্পাদক আজিজুল হক মঞ্জু, সদস্য কাউন্সিলর রফিকুল ইসলাম ঝলক।

উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন- সিলেট মহানগর আওয়ামীলীগের সদস্য এডভোকেট তারান্নুম চৌধুরী. মহানগর কৃষক লীগের সাধারণ সম্পাদক আব্দুর রকি বাবলু, আব্দুর রহমান পিংক, রুকন আহমদ, মানিক মিয়া, মোস্তফা কামাল, জিকে মাসুক, মহিবুর রহমান, মহানগর মহিলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ছালমা বেগম, বীর মুক্তিযোদ্ধা সাজ্জাদুর রহমান আলতা, মোমেন বক্স, অসীত কর, অরুন কর, রাসেল আহমদ, অমিত জিত, মকুল মিয়া, মনাফ আহমদ, নজরুল ইসলাম, রফিক বক্স, আসমা, মোস্তফা, আলী, হারুন, জাহাঙ্গীর, জুয়েল প্রমুখ।